

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ১১৮৪

পর্ব - ৯ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنایات)

পরিচ্ছেদঃ ১. (দিয়াতের) আর্থিক দণ্ডের বিধান - চিকিৎসায় পারদর্শী না হয়ে যদি কোন ব্যক্তি কারও চিকিৎসা করার পর ক্ষতি করে তাহলে এর জন্য তাকে দায়ী হতে হবে

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ رَفَعَهُ قَالَ: «مَنْ تَطَبَّبَ - وَلَمْ يَكُنْ بِالطَّبِّ مَعْرُوفًا - فَأَصَابَ نَفْسًا فَمَا دُونَهَا، فَهُوَ ضَامِنٌ». أَخْرَجَهُ الدَّارِقُطْنِيُّ، وَصَحَّحَهُ الْحَاكِمُ، وَهُوَ عِنْدَ أَبِي دَاوُدَ، وَالنَّسَائِيِّ وَغَيْرِهِمَا؛ إِلَّا أَنَّ مَنْ أَرْسَلَهُ أَقْوَى مِمَّنْ وَصَلَهُ

رواه أبو داود (4586)، والنسائي (52 / 8 - 53)، وابن ماجه (3466)، والدارقطني (396)، والحاكم (412)، وهو ضعيف للعدة التي ذكرها الحافظ، ولغيرها أيضا، وكذلك ضعفه الدارقطني، والبيهقي

বাংলা

১১৮৪। “আমর ইবনু শু’আইব (রাঃ) তার স্বীয় সানাদে মারফু রূপে বর্ণনা করেছেন, যে ব্যক্তি চিকিৎসায় খ্যাতিসম্পন্ন না হয়ে চিকিৎসা করতে গিয়ে কোন প্রাণহানি করবে বা তার থেকে কম ক্ষতি করবে তাকে ঐ ক্ষতির জন্য দায়ী হতে হবে। (ক্ষতিপূরণ করতে হবে)।

হাদীসটি আবু দাউদ, নাসায়ী ইত্যাদিতেও আছে, কিন্তু মাওসূল বা যুক্ত সানাদ হতে ঐগুলোর মুরসাল সানাদই অধিক শক্তিশালী।[1]

English

‘Amro bin Shu’aib narrated on the authority of his father, on the authority of his grandfather (RAA) that the Messenger of Allah (ﷺ) said:

“Anyone who practices medicine but is not known as a practitioner, and kills a human being or inflicts harm on him, will be held responsible.” Related by Ad-Daraqutni. Al-Hakim graded it as Sahih. Abu Dawud, an-Nasa'i and others also narrated it, but its Mursal form is stronger than the connected one.

ফুটনোট

[1] আবু দাউদ ৪৫৮৬, নাসায়ী ৪৮৩০, ইবনু মাজাহ ৩৪৬৬। ইমাম দারাকুতনী তাঁর সুনানে ৩/১১৭ গ্রন্থে বলেন, ইবনু জুরাইজ থেকে ওয়ালিদ বিন মুসলিম ব্যতীত অন্য কেউ সানাদ সহ বর্ণনা করেনি। ওয়ালিদ বিন মুসলিম ইবনু জুরাইজ থেকে, তিনি আমর ইবনু শুআইব থেকে, তিনি মুরসালরূপে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। শাইখ আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৩৪৩৪, সহীহ নাসায়ী ৪৮৪৫, সহীহুল জামে ৬১৫৩ গ্রন্থে একে হাসান বলেছেন। তিনি সহীহ ইবনু মাজাহ ২৮০৮ গ্রন্থে একে সহীহ লিগাইরিহী বলেছেন, আর সিলসিলা সহীহাহ ৬৩৫ গ্রন্থে হাসান লিগাইরিহী বলেছেন। তবে তিনি তাঁর আত তালীকাতুর রাযিয়াহ ২/৪৫৫ গ্রন্থে বলেন, এর সানাদে ইবনু জুরাইজ রয়েছে যিনি মুদাল্লিস, তিনি আন আন শব্দে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আমর ইবনু শুআইব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70995>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন